



## ভারতে আতশবাজি কারখানায় বিস্ফোরণ, নিহত অন্তত ২০



ভারতের তামিলনাড়ুর বিরুধুনগর জেলায় একটি আতশবাজি তৈরির কারখানায় ভয়াবহ বিস্ফোরণে অন্তত ২০ জন শ্রমিকের মৃত্যু হয়েছে। রোববার (১৯ এপ্রিল) কাট্টানাপট্টি এলাকায় এ দুর্ঘটনা ঘটে বলে নিশ্চিত করেছে স্থানীয় প্রশাসন।

স্থানীয় ও গণমাধ্যম সূত্রে জানা যায়, কারখানাটিতে প্রায় ৩০ জন শ্রমিক কাজ করছিলেন। আতশবাজি তৈরির জন্য ব্যবহৃত রাসায়নিক মিশ্রণের সময় ঘর্ষণ থেকেই বিস্ফোরণের সূত্রপাত হতে পারে বলে ধারণা করা হচ্ছে। বিস্ফোরণের তীব্রতায় কারখানার একাধিক কক্ষ ধসে পড়ে এবং অনেকে ধ্বংসস্তুপের নিচে আটকে পড়েন বলে আশঙ্কা করা হচ্ছে। খবর পেয়ে দমকল ও উদ্ধারকর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে এবং আহতদের হাসপাতালে পাঠায়। এ ঘটনায় তদন্ত শুরু করেছে পুলিশ, পাশাপাশি নিরাপত্তা মানা হয়েছিল কি না তাও খতিয়ে দেখা হচ্ছে।

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন এবং নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন, আহতদের দ্রুত সুস্থতা কামনা করেছেন। তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম কে স্টালিনও শোক জানিয়ে উদ্ধার তৎপরতা জোরদার করতে সংশ্লিষ্ট মন্ত্রীদের ঘটনাস্থলে যাওয়ার নির্দেশ দিয়েছেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর পাশে থাকার আহ্বান জানিয়েছেন।